



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
প্রশাসন শাখা  
[www.doict.gov.bd](http://www.doict.gov.bd)

তারিখ: ২৭ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ  
১২ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৬.০৮.০০০০.০০০.০০৮.১১.০০০১.২৪.২২৩৪

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ৪৯৭ (চারশত সাতানৰই)টি অফিস সহায়ক (২০ তম গ্রেড) শূন্যপদে জনবল  
নিয়োগ পরীক্ষা আয়োজনের নিমিত্ত কার্যক্রম ও নির্দেশনাবলী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ৪৯৭ (চারশত সাতানৰই) টি অফিস সহায়ক (২০ তম গ্রেড) পদে নিয়োগের জন্য টেলিটক বাংলাদেশ লিমিটেড এর অনলাইন সিস্টেমের মাধ্যমে গত ১৭/১০/২০২৫ তারিখ অনলাইনে আবেদনপত্র গ্রহণ সম্পন্ন হয়েছে। গত ১৬/১০/২০২৫ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় নিয়োগ প্রদান কমিটি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সিদ্ধান্ত অনুযায়ী এ অধিদপ্তরের ৪৯৭ (চারশত সাতানৰই) টি অফিস সহায়ক (২০ তম গ্রেড) শূন্যপদে জনবল নিয়োগের MCQ টাইপ লিখিত পরীক্ষা আগামী ১৫/১১/২০২৫ তারিখ রোজ শনিবার সকাল ১০:০০-১১:০০ টা পর্যন্ত আগনার শিক্ষা প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, এ নিয়োগ পরীক্ষায় অফিস সহায়ক পদে পরীক্ষার্থীর সংখ্যা ৯৯২০৭ জন।

০২। এমতাবস্থায়, সুস্থুভাবে লিখিত পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্য নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো:

- ক উল্লিখিত পরীক্ষার্থীর বিপরীতে কক্ষ ভিত্তিক আসন বিন্যাস ও কক্ষ পরিদর্শকের তালিকা (১৫ জন পরীক্ষার্থীর জন্য ০১ জন কক্ষ পরিদর্শক) প্রেরণ করতে হবে।
- খ প্রতি বেঞ্চে দুই জনের বেশী পরীক্ষার্থী বসানো যাবে না এবং বেঞ্চের দৈর্ঘ্য ৩ ফুট বা ৩ ফুট এর কম হলে একজন করে বসাতে হবে।
- গ প্রতিটি কক্ষের রোল নম্বরের জোড় সংখ্যাগুলো একদিকের সারিতে এবং বিজোড় সংখ্যাগুলো অন্যদিকের সারিতে বসাতে হবে।
- ঘ পরীক্ষার পূর্বে বর্ণিত কেন্দ্রসমূহের বৈদ্যুতিক পরীক্ষা, কক্ষের পর্যাপ্ত আলো ব্যবস্থা করা-সহ প্রতিটি কক্ষ ও আঙিনা পরিকার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ঙ পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে এবং পরীক্ষা শুরু হওয়ার পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া যাবে না। কোনো পরীক্ষার্থী পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- চ পরীক্ষার্থীগণ ব্যাগ, বইপত্র, মোবাইল ফোন, ঘড়ি, ক্যালকুলেটর, ইলেক্ট্রনিক ডিভাইস ইত্যাদি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে না পারে সেজন্য দেহ তল্লাশি করতে হবে। মহিলাদের ক্ষেত্রে মহিলা কর্মচারী দ্বারা দেহ তল্লাশি করাতে হবে।
- ছ কোনো প্রার্থী পরীক্ষা চলাকালীন কান ঢেকে রাখতে পারবেন না।
- জ আবেদনকারীর ছবিযুক্ত হাজিরা খাতা ও প্রবেশপত্রের ছবির সাথে উপস্থিত প্রার্থীর চেহারা আবশ্যিকভাবে মিলিয়ে প্রকৃত প্রার্থী নিশ্চিতপূর্বক হাজিরা খাতায় প্রার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে।
- ব কক্ষ পরিদর্শকগণ হাজিরা শিট ও প্রশ্নপত্র-সহ উত্তরপত্র সংগ্রহ করবেন। কক্ষ পরিদর্শকগণ সকল উত্তরপত্র বুরো নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন।
- ঝ কক্ষ পরিদর্শকগণ সংগ্রহকৃত প্রশ্নপত্র ও উত্তরপত্র এবং সরবরাহকৃত হাজিরা শিট কেন্দ্র সচিবের নিকট বুরিয়ে দিবেন। কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ বিষয়টি নিশ্চিত করবেন।
- ট উপস্থিত এবং অনুস্থিত প্রার্থীদের হিসাব সম্বলিত প্রতিবেদন প্রেরণ করতে হবে।
- ঠ কক্ষ পরিদর্শকগণ মোবাইল সাথে নিয়ে পরীক্ষা কেন্দ্রের কক্ষে প্রবেশ করতে পারবেন না।

১২-১১-২০২৫

এএসএম লোকমান

অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) ও  
সভাপতি বিভাগীয় নিয়োগ প্রদান কমিটি)

+৮৮০২৪১০২৪০৭৩

adg@doict.gov.bd

জনাব

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০০.০০৮.১১.০০০১.২৪.২২৩৪/১ (৮)

তারিখ: ২৭ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ  
১২ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

- সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- সিনিয়র প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), ডিজিটাল কো-অপারেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



১২-১১-২০২৫  
মো: আরিফুর রহমান  
উপপরিচালক